# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সলুকাবাদ ইউনিয়ন পরিষদ কার্যালয়
উপজেলাঃ বিশ্বম্ভরপুর, জেলাঃ সুনামগঞ্জ।
website: solukabadup.sunamganj.gov.bd, Email:solukabadup.sunamganj@gmail.com

সভার নাম ঃ মাসিক সভা।
সভাপতি ঃ জনাব মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী
চেয়ারম্যান, সলুকাবাদ ইউনিয়ন পরিষদ।
স্থান ঃ সলুকাবাদ ইউনিয়ন পরিষদ কার্যালয়, উপজেলা-বিশ্বম্ভরপুর, জেলা-সুনামগঞ্জ।
তারিখ ঃ ২৮.০৩.২০২২খ্রিঃ, সকাল: ১০.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট (ক) তে দেখানো হল
আলোচ্য বিষয় ঃ
১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। স্ট্যান্ডিং কমিটি গঠন সংক্রান্ত।
৩। মাসিক সভার তারিখ নির্ধারন।
৪। ব্যাংক সিগন্যাটরি পরিবর্তন প্রসঙ্গে।
৫। বিবিধ।

বিষয়: ০১নং সলুকাবাদ ইউনিয়ন পরিষদের মার্চ/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরনী।

| ক্র: নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং ইউপি সচিব কানু রঞ্জন তালুকদার উপস্থিত সকলকে বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান। | বিগত সভার কার্যবিবরনীতে উহার কোনোরুপ সংযোজন বা বিয়োজন না থাকায় তাহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় | |
| ০২ | স্ট্যান্ডিং কমিটি গঠন সংক্রান্ত | সভাপতি মহোদয় সভায় জানান যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ),২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী পরিষদের প্রথম সভা অনুষ্ঠানের অনিধক ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরিষদের কার্যাবলি সূচারুরূপে সম্পাদন করিবার জন্য নিম্নবর্ণিত স্থায়ী কমিটি গঠন করিতে হইবে, যথা-<br>১. অর্থ ও সংস্থাপন;<br>২. হিসাব নিরীক্ষা ও হিসাব রক্ষন;<br>৩. করি নিরুপন ও আদায়;<br>৪. শিক্ষা,স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা;<br>৫. কৃষি, মৎস ও পশু সম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নমূলক কাজ;<br>৬. পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষন, রক্ষনাবেক্ষন, ইত্যাদি;<br>৭. আইন-শৃংখলা রক্ষা;<br>৮. জন্ম-মৃত্যু নিবন্ধন;<br>৯. স্যানিটেশ, পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন;<br>১০. সমাজকল্যাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা;<br>১১. পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষন ও বৃক্ষরোপন;<br>১২. পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ(পার্বত্য চট্টগ্রামের অধিবাসীদের জন্য প্রযোজ্য হইবে না);<br>১৩. সংস্কৃতি ও খেলাধুলা।<br>সভাপতি মহোদয় উপস্থিত সকলকে এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করার জন্য ও কমিটি গঠন করার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্নিত স্থায়ী কমিটি গঠন করা হয়- | |

| কমিটির নাম | সভাপতি |
|---|---|
| অর্থ ও সংস্থাপন | রোকসানা |
| হিসাব নিরীক্ষা ও হিসাব রক্ষন | মোঃ তাজুল ইসলাম |
| কর নিরুপন ও আদায় | শাহ পরান |
| শিক্ষা,স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা; | মোছাঃ খোর্শেদা আক্তার |
| কৃষি, মৎস ও পশু সম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নমূলক কাজ | মোঃ জজ মিয়া |
| পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষন, রক্ষনাবেক্ষন, ইত্যাদি | ফারুক হোসেন |
| আইন-শৃংখলা রক্ষা | মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী |
| জন্ম-মৃত্যু নিবন্ধন | মোঃ আবুল হাসিম |
| স্যানিটেশ, পানি | আক্তার |



Scanned with CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td><table>
<tr><td>সরবরাহ ও পয়ঃনিষ্কাশন</td><td>হোসেন</td></tr>
<tr><td>সমাজকল্যাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা</td><td>মোঃ আবু তাহের</td></tr>
<tr><td>পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষন ও বৃক্ষরোপন</td><td>আব্দুল মোতলিব</td></tr>
<tr><td>পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ(পার্বত্য চট্রগ্রামের অধিবাসীদের জন্য প্রযোজ্য হইবে না)</td><td>কুলসুমা খাতুন</td></tr>
<tr><td>সংস্কৃতি ও খেলাধুলা</td><td>মোঃ জুবায়ের আহমদ</td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>০৩</td><td>মাসিক সভার তারিখ নির্ধারন।</td><td>সভাপতি মহোদয় সভায় জানান যে স্থানীয় সরকার(ইউনিয়ন পরিষদ)আইন,২০০৯ এর ধারা ৪২ এর উপধারা ১ অনুযায়ি প্রত্যেক ইউনিয়ন পরিষদ, পরিষদের কার্যালয়ে প্রতি মাসে অন্যূন একটি সভা অনুষ্ঠানের ব্যবস্থা করিবে এবং উক্ত সভা অফিস সময়ের মধ্যে অনুষ্ঠিত হবে এবং ইউনিয়ন পরিষদ নমুনা প্রবিধানমালা ২০১৬ এর উপ-প্রবিধান ৩ এ বলা আছে নির্ধারিত তারিখ বা দিনে সভা অনুষ্ঠিত হবে। তবে শর্ত থাকে যে, নির্ধারিত দিনটি সাধারণ ছুটির দিন হইলে পরবর্তী কার্য দিবসে উক্ত সভা অনুষ্ঠিত হইবে। এ বিষয় বিস্তারিত আলোচন করার জন্য সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আহ্বান করেন।</td><td>উপস্থিত সকলেই বিস্তারিত আলাপ-আলোচনার পর প্রতি মাসের ২৫ তারিখে মাসিক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>৪</td><td>ব্যাংক সিগন্যাটরি পরিবর্তন প্রসঙ্গে</td><td>সভাপতি মহোদয় সভায় জানান যে সলুকাবাদ ইউনিয়ন পরিষদে নতুন নির্বাচন হওয়ায় হিসাব নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য ইউনিয়ন পরিষদের নিম্নলিখিত ব্যাংক একাউন্টগুলোর সিগন্যাটরি পরিবর্তন করা প্রয়োজন।
<table>
<tr><th>হিসাবের নাম</th><th>হিসাব নং</th><th>ব্যাংকের নাম</th><th>হিসাব পরিচালনাকারী</th></tr>
<tr><td>সলুকাবাদ ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল</td><td>৫৯০১২০০০০০৩৫৬</td><td>সোনালী ব্যাংক,বিশ্বম্ভরপুর শাখা</td><td>ইউপি চেয়ারম্যান, সচিব, ইউপি মহিলা সদস্যা</td></tr>
<tr><td>১নং সলুকাবাদ ইউপি উন্নয়ন সহায়তা তহবিল</td><td>৫৯০১৪০২০০১০২৭</td><td>সোনালী ব্যাংক,বিশ্বম্ভরপুর শাখা</td><td>ইউপি চেয়ারম্যান, সচিব, ইউপি মহিলা সদস্যা</td></tr>
</table>
সভাপতি এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন।</td><td>বিস্তারিত আলোচনান্তে ৭ ৮ ৯নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য মোছাঃ কুলছুমা আক্তারকে ২০২১-২২ অর্থ বৎসরের জন্য সলুকাবাদ ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলে সিগন্যাটরি হিসেবে নিযুক্ত করার জন্য উপস্থিত সকলেই একমত পোষন করেন।</td><td></td></tr>
<tr><td>৫</td><td>বিবিধ</td><td>(১)২০২১-২২ অর্থ বৎসরে আউশের প্রণোদনা ৬৫০টি নামের বরাদ্দ পাওয়া যায়। সভাপতি মহোদয় সভায় জানান যে, সলুকাবাদ ইউনিয়ণ পরিষদে উপসহকারী কৃষি কর্মকর্তাদের তিনটি ব্লক রয়েছে। তিনটি ব্লকে ২০টি করে মোট ৬০ জনের নাম উপসহকারী কৃষি কর্মকর্তা উনারা দিবেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অনুরোধ করেন।<br>(২) ৮নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ আক্তার হোসেন সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের যে সকল বরাদ্দ আসে তা যেন জনসংখ্যার আনুপাতিক হারে বিভাজন করা হয়।</td><td>(১) বিস্তারিত আলোচনান্তে প্রতি ইউপি সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্য ৩৪টি করে ১২ জন সদস্য ১২*৩৪=৪০৮ টি নাম বরাদ্দ দেয়া হয় এবং বাকি ১৮২ টি নাম সভাপতি মহোদয় দিবেন।<br>(২) উপস্থিত সকলেই এ বিষয়ে একমত পোষন করেন এবং সভাপতি মহোদয় সভায় জানান যে পরবর্তীতে যে বরাদ্দ আসবে তা জনসংখ্যার আনুপাতিক হারে বিভাজন হবে</td><td></td></tr>
</table>



Scanned with CamScanner

অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

পরিশিষ্ট -"ক"

| ক্র:নং | নাম | পরিচিতি | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী | চেয়ারম্যান | সভাপতি | হাজিরায় স্বাক্ষরিত |
| ২ | শাহ পরান | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ৩ | মোঃ জজ মিয়া | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ৪ | আব্দুল মোতালিব | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ৫ | মোঃ আবুল হাসিম | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ৬ | মোঃ তাজুল ইসলাম | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ৭ | মোঃ ফারুক মিয়া | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ৮ | মোঃ আবু তাহের | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ৯ | মোঃ আক্তার হোসেন | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ১০ | মোঃ জুলহাস মিয়া | ইউপি সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ১১ | রোকসানা | সংরক্ষিত সদস্য | | হাজিরায় স্বাক্ষরিত |
| ১২ | মোঃ খোর্শেদা আক্তার | সংরক্ষিত সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |
| ১৩ | মোছাঃ কুলছুমা আক্তার | সংরক্ষিত সদস্য | সদস্য | হাজিরায় স্বাক্ষরিত |

০৬/০৪/২২
মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী
চেয়ারম্যান
সলুকাবাদ ইউনিয়ন পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং: নং-৪৬.০০.৯০১৮.০৮০.০৫.০০৫.২২-৮৫ তারিখ: ০৬-০৪-২০২২

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, সুনামগঞ্জ।
০২। উপজেলা নির্বাহী অফিসার,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৩।ব্যবস্থাপক,সোনালী ব্যাংক, বিশ্বম্ভরপুর শাখা, সুনামগঞ্জ।
০৪। জনাব.......................................ইউ/পি সদস্য/সদস্যা( সকল)।
০৫। প্রধান উদ্যোক্তা, জনাব মো: রফিকুল ইসলাম, সলুকাবাদ ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।(মাসিক সভার কার্যবিবরনী পোর্টালে আপলোড করতে হবে)
০৬। অফিস কপি।

০৬/০৪/২২
কানু রঞ্জন তালুকদার
সচিব
সলুকাবাদ ইউনিয়ন পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
Email: kanutalukder@gmail.com
মোবাঃ-০১৭৫৫৩১৮৭০০



Scanned with CamScanner